সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
পণ্ডিত-প্রেস
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক
স্কুল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৫ই মাঘ বুধবার, ১৩৭২ ইং 19th Jan. 1966 | ৩৪শ সংখ্যা


সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২
C. P. Serve

রান্নায় আনন্দ
এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।

খাস জনতা
কেরোসিন কুকার
দ্য ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

শীতবস্ত্রের বিপুল আয়োজন
শিবদুর্গা বস্ত্রালয়
রঘুনাথগঞ্জ বাজারপাড়া
গ্রাহকগণের রুচিসম্মত শীতের উপযোগী নানা-প্রকার কাপড় আমদানী করিয়াছি। পরীক্ষা প্রার্থনীয়।
প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

স্টুডেন্টস্ ফেভারিট
রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

৫ই মাঘ বুধবার সন ১৩৭২ সাল।

## তেইশে জানুয়ারী

—০—



অধিকাংশ ভারতবাসীর পক্ষে ২৩শে জানুয়ারী একটি শুভ দিন। যিনি এই দিনে ভূমিষ্ঠ হইয়াছিলেন, নেতাজী বলিলে তাঁহাকেই বুঝায়। তাঁহার পূর্ব্বে এবং পরে বহু বহু জন নেতা সাজিয়া বহু দলে নেতৃত্ব করিয়াছেন, নানা ঘটনার মাধ্যমে "নেতাজী" শব্দে শ্রীসুভাষচন্দ্র বসুকেই বুঝায়। পঙ্কে বহু দ্রব্য, বহু উদ্ভিদ্ জন্মে, কিন্তু "পঙ্কজ" বলিলে কেবল পদ্মই মনে হয়। এই মৌরসী করা শব্দকে যোগরূঢ় শব্দ বলে। ভারতে কত শত নেতা গত হইয়াছেন, কত নেতা বর্ত্তমান আছেন। আবার কত নেতা হইবেন। নেতাজী নামের একমাত্র অধিকারী সুভাষচন্দ্র। নেতাজী জীবিত কি মৃত ভারতের স্বাধীনতা লাভের পর সুদীর্ঘ ১৯ বৎসরের মধ্যেও সে রহস্য উদ্ঘাটিত হইল না।

এক জাতীয় ক্ষমতাপ্রাপ্ত প্রবল নেতৃ-স্থানীয় ব্যক্তিরা খরচের খাতায় নেতাজীর নাম লিখিয়া বাহ্যিক আত্মপ্রসাদ দেখাইলেও মনে মনে সন্দেহের দোলায় দুলিয়া যদি! যদি!! শব্দ জপিতেছে। দেশের বেশীর ভাগ লোকই রাজনীতিক স্বার্থ বোঝে না। তাহারা নেতাজীর বেঁচে থাকা কামনা করিয়া আশা করিতেছে নেতাজীর বিমান দুর্ঘটনা মিথ্যা তিনি ঠিক ফিরিয়া আসিবেন।

নেতাজী ফিরিয়া আসিলে ফেরুপাল উর্দ্ধশ্বাসে আশ্রয়স্থল লক্ষ্য করিয়া ছুটিবে, অত্যাচারীরা জবাবদিহির ভয়ে আত্মগোপন করিবে। কিন্তু অবিচার, দুর্নীতি ও শোষণের নিগুড়-বন্ধনে যাহারা জর্জ্জরিত, যাহাদের চোখের জল পর্য্যন্ত নিঃশেষিত হইয়াছে তাহারা তাঁহাকে সাদরে বরণ করিয়া লইবে।

নেতাজীর জন্মদিনে ঘরে ঘরে মঙ্গলশঙ্খ বাজিতেছে। শঙ্খধ্বনিতে জাতীয় জীবনের ক্লেদময় শঙ্কা মুছিয়া যাক। যাহারা জ্ঞাত জীবনের প্রথম হইতে শেষ পর্য্যন্ত শুধু আদর্শ নিষ্ঠা. ত্যাগ, অকুতোভয়তা, অন্যায়-ঘাতী সংগ্রাম ও মানব-মঙ্গলের তুলনাহীন ঐতিহ্য রচিত হইয়াছে, তিনি তরুণ ভারতের পথপ্রদর্শক হিসাবে চিরদিনই পূজিত হইবেন।

জয়তু নেতাজী!

---

## *পৌর প্রাথমিক শিক্ষকগণের সরকার প্রদত্ত টাকা কি পাওয়া যাইবে না?*

জঙ্গীপুর পৌর প্রাথমিক শিক্ষকগণ ১৯৬৫ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত সরকারী মহার্ঘ ভাতা মাসিক দশ টাকা হিসাবে এবং অপর একটি ভাতা মাসিক পাঁচ টাকা হিসাবে পাইয়াছেন। কিন্তু মার্চ্চ মাস হইতে সরকার প্রদত্ত এই টাকাগুলি না পাওয়ায় প্রাথমিক শিক্ষকগণ আজ অনশন ও চরম অপমানের সম্মুখীন।

# ভারতের প্রধানমন্ত্রী

## পদে

## শ্রীমতী ইন্দিরা গান্ধী

—০—

**১৯শে জানুয়ারী বুধবার কংগ্রেস পার্লামেন্টারী দলের নির্ব্বাচনে প্রাক্তন প্রধানমন্ত্রী স্বর্গীয় পণ্ডিত জহরলাল নেহরুর একমাত্র বিদুষী কন্যা শ্রীমতী ইন্দিরা গান্ধী বিপুল ভোটাধিক্যে ভারত উপমহাদেশের প্রধানমন্ত্রী পদে নির্ব্বাচিতা হইয়াছেন। তাঁহার প্রতিদ্বন্দ্বী শ্রীমোরারজী দেশাই পরাজিত হইয়াছেন।**

---

## *শ্রীমতী শাস্ত্রীর নিকট বহু মনিঅর্ডার*

গত কয়েক দিনে শ্রীমতী ললিতা শাস্ত্রী দেশের সর্ব্বত্র থেকে হাজার হাজার টাকার মনি-অর্ডার পেয়েছেন। তিনি সবগুলি মনিঅর্ডার ফেরত দিয়ে প্রেরকদের অনুরোধ করেছেন, টাকা-গুলি যেন তাঁরা জাতীয় প্রতিরক্ষা তহবিলে দান করেন।

---

## *প্রজাতন্ত্রী দিবসে মিগ বিমানের মহড়া*

প্রজাতন্ত্রী দিবসে এবার বিমান মহড় প্রথম সুপারসনিক মিগ-২১ যোগ দেবে। ভারতেই এই বিমানের নক্সা প্রস্তুত হয়েছে। এয়ার মার্শাল আর রাজারাম একটি ক্যানবেরা বিমান নিয়ে ঐ মহড়ায় নেতৃত্ব করবেন। ভারতীয় বিমান বহরের ৫০টিরও বেশী বিমান এতে অংশ গ্রহণ করবে। এই মহড়ায় ভারতে প্রস্তুত ১৬টি ন্যাট বিমানও থাকবে।

---

# ঔষধ




বেদিয়া—বাত ভালো! বেদনা ভালো! কোম্মর দরদ ভালো! হারিশ ভালো! দাঁতের পোকা ভালো!

বাবু—এই বেদে। দাঁড়া। তোর কাছে মক্কেল ভোলা ওষুদ আছে?

বেদিয়া—বাবু! সব কিছু দাওয়াই পাবেন। মাদুলী আছে, এতে মক্কেল ভুলবে, হাকিম ভুলবে, এমন কি বাবু আপনি সব ভুলে যাবেন।

---


## বিজ্ঞাপন

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

২০৮নং ৬৫ অন্য

বাদী—এমাজুদ্দিন সেখ পিতা কাবাতুল্লা সরদার সাং কাশিয়াডাঙ্গা, থানা রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ

বনাম

বিবাদী—১। আলতাব সেখ পিতা মৃত ওহাব সেখ সাং কাশিয়াডাঙ্গা, থানা রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ হাল মোকাম উজানপাড়া, পোঃ ও থানা গোদাগাড়ী, জেলা রাজসাহী ( পাকিস্থান )

২। সোলেমান সেখ পিতা মৃত উমেদ সেখ সাং কাশিয়াডাঙ্গা, থানা রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে উপরোক্ত বাদী উপরোক্ত বিবাদীগণ বিরুদ্ধে জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালতে ২০৮নং ৬৫ অন্য মোকর্দ্দমা থানা রঘুনাথগঞ্জের অধীন কাশিয়াডাঙ্গা মৌজার ১০৮৩নং খতিয়ানের ৩৩৭নং দাগের ১৫ শতক জমি ও তদুপরিস্থিত ২টী কাঁঠাল গাছ ও ১ থোপ বাঁশ সহ সম্পত্তির চুক্তিকৃত কোবালা সম্পাদন ও রেজিষ্ট্রী করার জন্য অত্রাদালতে এক মোকর্দ্দমা করিয়াছে। উক্ত মোকর্দ্দমার দিন আগামী ৩১-১-৬৬ তারিখে ধার্য্য হইয়াছে। উক্ত মোকর্দ্দমা সম্বন্ধে বিবাদী পক্ষের বা কাহারও কোন আপত্তি থাকিলে উক্ত ধার্য্য দিনে উপরোক্ত আদালতে উপস্থিত হইয়া অথবা উকিল দ্বারা দর্শাইবেন অন্যথায় বিবাদী পক্ষের অসাক্ষাতে শুনানী হইবে। উক্ত বিষয় সর্ব্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞাপন দেওয়া হইল।

By Order of the Court
B. B. Ghosh
Sharistadar, Munsif's
1st. Court, Jangipur.


---

**জাতীয় প্রতিরক্ষা তহবিলে
মুক্তহস্তে দান করুন**



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের
**আমলা** কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**
**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্ল্যাকবোর্ড এবং *বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি* ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |

---

দাঁত তোলানোর ও বাঁধানোর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## ডেণ্টাল ক্লিনিক

ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামাণিক, ডেণ্টাল সার্জ্জেন
পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

*ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের*

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

***জঙ্গিপুর সংবাদ*** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য .০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।